# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা-২০১৫

## সকল বোর্ড

কর্ম ও জীবনমুখী শিক্ষা

বিষয় কোড : ১৫৫

সৃজনশীল

মান — ৩০

*দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

১. ▶ লিখন পদ্ধতির আবিষ্কার মানব সভ্যতার জন্য অনেক বড় আবিষ্কার। এ আবিষ্কার একদিকে যেমন কঠিন মেধাশ্রমের ফল, তেমনি এর ফলে মানুষের মেধাশ্রম রক্ষা পেয়েছে। আগামী প্রজন্মের কাছে মানুষের মেধাশ্রমের ইতিহাস পৌঁছে যাবে এ লিখন পদ্ধতির মাধ্যমেই।

ক. আমাদের বাংলা লিপি কোথা থেকে এসেছে? ১

খ. লিখন পদ্ধতি আবিষ্কারের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. চিত্র দ্বারা মানুষ কিভাবে তাদরে মনের ভাব প্রকাশ করত? বর্ণনা কর। ৩

ঘ. লিখন পদ্ধতি আবিষ্কারের ফলে মানুষের মেধাশ্রম কিভাবে রক্ষা পেয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ▶ গত বছর জাপানের একটি রোবট প্রতিযোগিতায় বুয়েটের একদল মেধাবী শিক্ষার্থী বাংলাদেশ থেকে অংশগ্রহণ করে। তারা যে যন্ত্র মানবটি তৈরি করেছিল সেটি প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করে।

ক. রোবট নিয়ে কে প্রথম চিন্তা ভাবনা করেছিল? ১

খ. নভোচারী হতে গেলে কি ধরনের কাজ করতে হয় ব্যাখ্যা কর। ২

গ. মানব জীবনকে সহজ করতে রোবটের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানবজাতির ভবিষ্যৎ মেধাশ্রমের উপর নির্ভরশীল"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩. ▶ ২০১৫ সালের ২৮শে জুলাই ভারতের মিসাইল ম্যান খ্যাত বিজ্ঞানী এপিজে কালাম মারা যান। মহাকাশ গবেষণায় তার সাফল্যের জন্য তিনি পৃথিবীতে অমর হয়ে থাকবেন। শৈশবকাল থেকেই তার এ বিশ্বাস জন্মেছিল যে, একদিন তিনি আকাশে ভাসবেন। সেই লক্ষ্যে কাজের প্রতি ভালবাসা, দক্ষতা, অভিজ্ঞতা ও চিন্তা ভাবনা তাঁকে করেছিল জগৎবিখ্যাত বিজ্ঞানী।

http://teachingbd.com

ক. যে কোনো কাজরে জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় কোনটি? ১

খ. সুন্দর জীবন যাপনের জন্য পরিবারের সদস্যরা কিভাবে কাজ করে থাকেন? ২

গ. নিজের কাজ নিজে করার সুবিধাগুলোর একটি তালিকা তৈরি কর। ৩

ঘ. "কাজের মাধ্যমেই দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধি পায়।"- উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪. ▶ রাসেল এম, এ পাশ করার পর চাকুরী না পেয়ে বেকার অবস্থায় কিছুদিন বসে থেকে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ে। বন্ধুর পরামর্শে সে যুব উন্নয়নে প্রশিক্ষণ নিয়ে গ্রামে গিয়ে মৎস্য চাষ ও হাঁস-মুরগীর খামার শুরু করে। এখন সে বুঝতে পারে কাজ করার মধ্যেই রয়েছে গৌরব এবং আত্মকর্মসংস্থানে রয়েছে স্বাধীনভাবে কাজ করার আনন্দ।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. ব্যক্তিত্ব মানুষের কর্মজীবনকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. আমাদের দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশে রাসেলের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. "আত্মকর্মসংস্থানে রয়েছে স্বাধীনভাবে কাজ করার আনন্দ"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৫. ▶ মাসুম ক্রিকেট খেলতে খুবই ভালবাসে। মাসুমের বাবা তাকে ডাক্তার বানাতে চায়। কিন্তু এ পেশায় তার খুব একটা আগ্রহ নেই। বড় হয়ে সে একজন নামকরা ক্রিকেটার হয়ে দেশের জন্য সুনাম বয়ে আনতে চায়। মাসুমের মা এবং তার বড় বোন অবশ্য তাকে ক্রিকেট খেলায় অনুপ্রেরণা দিয়ে যাচ্ছে।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. সামর্থ্য ও আগ্রহের মধ্যকার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. মাসুম তার বাবার পছন্দের পেশা গ্রহণ করলে কী কী সমস্যা হতে পারে— আলোচনা কর। ৩

ঘ. "আগ্রহ এবং সামর্থ্য পেশা নির্বাচনে গুরুত্বপূর্ণ বিষয়"— উক্তিটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা সকল বোর্ড -২০১৫

পূর্ণমান — ২০ কর্ম ও জীবনমুখী শিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : ১ ৫ ৫

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. রোবট শব্দটি প্রচলন করেন কে?
ক) হেনরি ফোর্ড খ) ক্যারেল কাপেক
গ) লিওনার্দো দ্য ভিঞ্চি ঘ) জ্যাক দ্য ভকেনসন

২. আত্মবিশ্বাসী মানুষের প্রথম বৈশিষ্ট্য কী?
ক) দক্ষতা খ) নিজের প্রতি আস্থা
গ) সাহস ঘ) সচেতনতা

৩. উয়ারী গ্রামের বহির্দেশীয় দুর্গ প্রাচীর ও পরিখার দৈর্ঘ্য কত কি.মি.?
ক) ৩.২ কি.মি. খ) ৪ কি.মি.
গ) ৫.৮ কি.মি. ঘ) ৭ কি.মি.

৪. সৃজনশীলতা কী?
ক) অন্যকে নির্দেশ দেয়া
খ) সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা
গ) বিভিন্ন দায়িত্বের সমন্বয়
ঘ) কোন কিছুর নতুন পন্থা খুঁজে বের করা

৫. সম্মান বলতে কী বোঝায়?
ক) একটি গুরুত্বপূর্ণ পদে থাকা
খ) অন্যদের সেবা করতে কাজ করা
গ) বিভিন্ন সেবামূলক কাজ করা
ঘ) ভালো জীবনযাপনের জন্য অধিক উপার্জন করা

বি.দ্র. সঠিক উত্তর ক ও গ

৬. পেশা নির্বাচনে গুরুত্বপূর্ণ বিষয়—
i. সৃজনশীলতা ii. নেতৃত্বের চর্চা
iii. অন্যকে সাহায্য করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

বি.দ্র. সঠিক উত্তর ক ও ঘ

৭. কত সালে হেনরি ফোর্ড তার গাড়ি তৈরির কারখানায় সর্বপ্রথম স্বয়ংক্রিয় যন্ত্রকে কাজে লাগিয়েছিলেন?
ক) ১৭১৩ সালে খ) ১৮০০ সালে
গ) ১৮৮৭ সালে ঘ) ১৯১৩ সালে

৮. কোন দেশ প্রথম কৃত্রিম উপগ্রহ আকাশে পাঠিয়েছিল?
ক) আমেরিকা খ) ইতালি
গ) রাশিয়া ঘ) সোভিয়েত ইউনিয়ন

৯. অলসতার মাধ্যমে—
i. মানুষ কর্মহীন হয়ে পড়ে
ii. মনোবল নিঃশেষ হয়ে যায়
iii. কর্মতৎপরতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. আজ থেকে কত বছর পূর্বে মানুষ চাকা আবিষ্কার করেছিল?
ক) প্রায় ২৫০০ বছর খ) প্রায় ৪০০ বছর
গ) প্রায় ৫৬০০ বছর ঘ) প্রায় ৬৫০০ বছর

১১. মিসরের পিরামিডের একেকটি পাথরের ওজন কত?
ক) প্রায় পাঁচ টন খ) প্রায় দশ টন
গ) প্রায় দুই টন ঘ) প্রায় চার টন

১২. ঢাকার অদূরে কোথায় বাসনকোসন তৈরির কারখানা আছে?
ক) নারায়ণগঞ্জে খ) সাভারে
গ) নবাবপুরে ঘ) টাঙ্গাইলে

১৩. কৃত্রিম উপগ্রহের কারণে—
i. টেলিভিশন দেখা যায়
ii. ইন্টারনেট ব্যবহার করা যায়
iii. আবহাওয়ার খবর পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) iii ঘ) i, ii ও iii

১৪. দুর্গ-নগর-বসতি কত বছরের প্রাচীন?
ক) ৪৫০ অব্দের খ) ৩৫০ অব্দের
গ) ৫০০ অব্দের ঘ) ৫৫০ অব্দের

নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
কলেজ থেকে কক্সবাজারে শিক্ষা সফরে গেল রীমা ও তার বন্ধুরা। সেখানে সে সমস্ত খরচের রসিদ সংগ্রহ করে আগ্রহ সহকারে হিসাব করে। পরে হিসাব স্যারকে দেখালে তিনি অত্যন্ত খুশী হলেন।

১৫. রীমা কোন কাজটি করতে পারবে?
ক) সেবা করা খ) আপ্যায়ন করা
গ) নেতৃত্ব দেওয়া ঘ) হিসাব-নিকাশ

বি.দ্র. সঠিক উত্তর গ ও ঘ

১৬. রীমার কাজের মাধ্যমে—
i. তার দক্ষতার প্রমাণ পাওয়া যায়
ii. তার সামর্থ্যের প্রমাণ পাওয়া যায়
iii. তার অভিজ্ঞতার প্রমাণ পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

teachingbd.com

http://teachingbd.com

১৭. দীর্ঘসময় আগুন জ্বালিয়ে রাখা যাবে এটি মানুষ কীভাবে শিখেছিল?
ⓚ প্রাকৃতিক ঘটনা থেকে
ⓚ দাবানল থেকে
ⓖ আগুনের উপর নিয়ন্ত্রণ রেখে
ⓖ মেধাশ্রমের মাধ্যমে

বি.দ্র. সঠিক উত্তর ক ও ঘ

১৮. কায়িক শ্রম ও মেধাশ্রমের মাধ্যমে প্রাচীন মানুষ কোন দক্ষতা অর্জন করেছিল?
ক শিকার করা
খ ফলমূল সংগ্রহ
গ বসতি স্থাপন
ঘ গুহা খনন

বি.দ্র. সঠিক উত্তর গ ও ঘ

১৯. শিক্ষা জীবন ও কর্মজীবন পছন্দের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় কোনটি?
ক সাহস
খ আগ্রহ
গ আত্মবিশ্বাস
ঘ আত্মমর্যাদা

বি.দ্র. সঠিক উত্তর খ ও গ

২০. কত সালে স্পুটনিক-১ মহাকাশে পাঠানো হয়?
ক ১৯৩৭
খ ১৯৪৬
গ ১৯৬৭
ঘ ১৯৫৭

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ |
| ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ |

Teachingbd.com